

পরিপত্র


নম্বরঃ- ২৫.৩৬.০০০০.২১১.১৫.১০৬.১৬- ২৫৬৭

তারিখঃ- ০৭ কার্তিক ১৪২৫  
২২ অক্টোবর ২০১৮

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তরের রাজস্ব খাতে ৪৭৪টি পদ সৃজন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৫-০৮-২০১৮খ্রিঃ তারিখের ২৫.০০.০০০০.০১৩.১৫.০০২.১৫-৬৮৫ নম্বর সরকারি পত্রের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন জোন/সার্কেল/বিভাগীয় (সিভিল ও ই/এম) অফিস স্থাপনের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরির ৯৬টি ক্যাডার পদ স্থায়ীভাবে এবং ৩৭৮টি পদ অস্থায়ীভাবে সৃজন করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত আদেশের কপিসহ এতদসংশ্লিষ্ট জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫/০৪/২০১৮খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৫০.১৫.০০৩.১৭-৫৪ নম্বর স্মারক, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের ১৫/০৫/২০১৮খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.২৫.০৫৪.১২-৮৩ নম্বর স্মারক এবং ২০/০৯/২০১৮খ্রিঃ তারিখে প্রকাশিত গেজেটের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(নন্দিতা রাণী সাহা)


তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬০৯৯৯।

se\_est@pwd.gov.bd





বিতরণঃ (কার্যার্থে)

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ বরিশাল/ রাজশাহী/ সিলেট/ রংপুর।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম পিএন্ডডি)/ ই/এম জোনাল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..... গণপূর্ত সার্কেল-, .....
- ৪। নির্বাহী প্রকৌশলী, ১৩, ১৩২, ১৩৩ ..... গণপূর্ত বিভাগ-২, ঢাকা .....
- ৫। নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস.সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।